Total number of printed pages - 6

# 2025
# BENGALI

**Total Marks : 80** **Time : 3 hours**

***General Instructions :***

*(i)* *Approximately 15 minutes is allotted to read the question paper and revise the Answers.*

*(ii)* *The question paper consists of 23 main questions.*

*(iii)* *Internal choice has been provided in some questions.*

*(iv)* *Write the correct question number in your answer sheet to indicate the option being attempted.*

***N.B. : Check to ensure that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## বিভাগ – 'ক'

### পাঠ (Reading)

1. **নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড়:**

**২৫ জুন, ২০২৪: ১১:০২ :**রোগী দেখা তাঁর পেশা ছিল, নেশা ছিল, কাজের ফাঁকে গিটার গলায় ঝুলিয়ে গাঁ গাওয়া; মিশুকে, হাসিখুশি চিকিৎসকের জনপ্রিয়তা ছিল নেটাগরিকদের মধ্যে। চোখে 'প্রোটেক্টিং গ্লাস' মুখ থেকে খুলে গলায় ঝোলানো মাস্ক, হাতে গিটার আর গানের সুরে প্রতিবাদ। চিকিৎসকদের পেশার নেতিবাচক দিক নিয়ে গাওয়া নচিকেতার সুর একই রেখে শুধু শব্দ বদলে গান গেয়েছিলেন মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের চিকিৎসক অনির্বাণ দত্ত। কোভিড অতিমারির সময়ে চিকিৎসকদের অবদান নিয়ে তাঁর গাওয়া গান সেই সময় সমাজমাধ্যমে ভাইরাল হয়েছিল। সেই চিকিৎসকের মৃত্যুর হল মাত্র ৩৭ বছর বয়সে। মঙ্গলবার দুপুরে হৃদরোগে আক্রান্ত হন তিনি। চিকিৎসকের অকালমৃত্যুতে শোকস্তব্ধ চিকিৎসক মহল।

মুর্শিদাবাদ সাগরদিঘির বাসিন্দা ছিলেন চিকিৎসক অনির্বাণ। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির থেকে পড়াশোনার পর ডাক্তারি পড়তে যান উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে। তারপর রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান হাসপাতাল থেকে করেছিলেন এম ডি পি জি টি প্যাথোলজি। সমাজে চিকিৎসকদের অবদানের পাশাপাশি, বুদ্ধিজীবীদের নীরবতা ও স্বাস্থ্য কার্ডে বাজেট বরাদ্দ নিয়ে প্রশ্ন তুলেছিলেন মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের চিকিৎসক অনির্বাণ। রাজ্যের নতুন প্রজন্মের চিকিৎসকদের মধ্যে জনপ্রিয় ছিলেন তিনি। রোগী দেখা তাঁর পেশা ছিল, নেশা ছিল কাজের ফাঁকে গিটার ঝুলিয়ে গান গাওয়া। মিশুকে, হাসিখুশি চিকিৎসকের আলাদা করে পরিচিতি ছিল নেটাগরিকদের মধ্যে। তাঁর মৃত্যুর খবর ভাইরাল হয়ে গিয়েছে সমাজমাধ্যমে।

২০১৮ সাল থেকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত ছিলেন অনির্বাণ। কোভিডকালে গান বেঁধে আক্রান্তদের লড়াইয়ের মনোবল জুগিয়েছেন তিনি। সেই সময়ে চিকিৎসকেরা কোথাও আক্রান্ত হলে প্রতিবাদ করেছেন রাস্তায় নেমেও। কিন্তু অকালেই থেমে গেল সেই প্রতিবাদী কণ্ঠস্বর। মঙ্গলবার বহরমপুরেই চিকিৎসকের শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

**নির্দেশ অনুসারে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

(ক) মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের চিকিৎসকের কী নাম ছিল? **1**

(i) অনির্বাণ দত্ত (ii) অনির্বাণ দাস

(iii) অনির্বাণ কর (iv) অনির্বাণ রায়

(খ) কত বছর বয়সে চিকিৎসকের মৃত্যু হয়েছে? **1**

(i) ৩০ বছর (ii) ৩৫ বছর

(iii) ৩৭ বছর (iv) ৪০ বছর

(গ) কোন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসকের মৃত্যু হয়েছে? **1**

(i) ক্যান্সার (ii) হৃদরোগ

(iii) করোনা (iv) জন্ডিস

(ঘ) কোন সময় অনির্বাণের গান ভাইরাল হয়েছিল? কোন বাদ্যযন্ত্রের সাহায্যে তিনি গান গাইতেন? **1+1 =2**

(ঙ) সাগরদিঘি কোন জেলায়? **1**

(i) বাঁকুড়া (ii) পুরুলিয়া

(iii) মেদিনীপুর (iv) মুর্শিদাবাদ

(চ) কোন সাল থেকে তিনি মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত ছিলেন? **1**

(i) ২০১৬ (ii) ২০১৮

(iii) ২০২০ (iv) ২০২২

(ছ) ‘অকাল মৃত্যু’ ব্যাসবাক্য হবে – **1**

(i) অকালে মৃত্যু (ii) অকাল ও মৃত্যু

(iii) অকালে মৃত্যু হয়েছে যার (iv) অকাল অথচ মৃত্যু

(জ) অনির্বাণ কোথা থেকে প্রথম পড়াশোনা করেন? তিনি কোন মেডিক্যাল থেকে ডাক্তারি পড়েছিলেন? **1+ 1=2**

## বিভাগ – 'খ'

## রচনা ও নির্মিতি (Writing and Composition)

**2. নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ – ১৫০ টি শব্দের মধ্যে উত্তর দাও :**

(ক) মনে করো, তুমি চুমুকদিমা টি. কে. কমপ্লেক্সের বাসিন্দা রজতাভ দত্ত। তোমাদের আবাসনের জল নিকাশি ব্যবস্থার বেহাল দশার জন্য অল্প বৃষ্টিতেই বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে পড়ে। এই বিষয়ে তোমাদের আবাসনের সম্পাদকের দৃষ্টি আকর্ষণ করে এর সুরাহা চেয়ে একটি আবেদনপত্র লেখো। **6**

**অথবা**

(খ) তুমি মোন লিটল হার্ট স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী স্নেহাশিস/ স্নেহাদ্রিতা, সম্প্রতি তোমাদের শহরে লায়ন্স ক্লাব আয়োজিত প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্যে প্যারালিম্পিক (Paralympic) দেখতে গিয়েছিলে। যেখানে অন্ধ শিক্ষার্থীরা কীভাবে নিজেদের প্রতিবন্ধকতা জয় করে কুস্তি, হাই জাম্প, লং জাম্প – এ অংশগ্রহণ করছে দেখে মন্ত্রমুগ্ধ হয়েছ, সেই অভিজ্ঞতার বর্ণনা দিয়ে বিদ্যালয়ের সাময়িক পত্রের জন্যে একটি প্রতিবেদনের খসড়া লেখো।

**3. ন্যূনাধিক ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাও :**

(ক) তুমি ৩৯, উধম পুর কলোনি, শিমলার বাসিন্দা সম্রাট/ সম্রাজ্ঞী মজুমদার। তোমার ঠাকুরদা-ঠাকুমার বিয়ের সুবর্ণজয়ন্তী বর্ষ (Golden Jubilee) উদযাপন উপলক্ষে আগামি ১৫ই এপ্রিল সন্ধ্যেবেলায় একটি প্রীতিভোজের আয়োজন করেছো, সেই বিষয়ের উল্লেখ করে একটি আমন্ত্রনপত্রের খসড়া রচনা করো। **4**

**অথবা**

(খ) মেঘা চলভাষে (Mobile) রজতকে ফোন করে আগামি বাংলা নববর্ষ উপলক্ষে বন্ধুদের নিয়ে একটি সম্মিলনীর (Get-together) পরিকল্পনা করছে, এই বিষয়ে দু'জনের মধ্যে কাল্পনিক সংলাপ লিপিবদ্ধ করো।

## বিভাগ – 'গ'

## ব্যাকরণ ও অনুবাদ (Grammar and Translation)

**4. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) তৎপুরুষ সমাসে কোন পদের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়? **1**

(i) পূর্ব পদ (ii) উত্তরপদ

(iii) উভয় পদ (iv) অন্যপদ

(খ) যেখানে কর্মকারক কর্তার স্থান অধিকার করে ক্রিয়াকে পরিচালিত করে এবং কর্তা অপ্রধান আসন পায়, তাকে বলে – **1**

(i) কর্তৃবাচ্য (ii) কর্মবাচ্য

(iii) ভাববাচ্য (iv) কর্মকর্তৃবাচ্য

(গ) হঠাৎ বিপদ এসে পড়া বোঝাতে বলা হয় – **1**

(i) বিনা মেঘে বজ্রপাত (ii) বিনা মেঘে জল

(iii) বোঝার ওপর শাকের আঁটি (iv) বাড়াভাতে ছাই

(ঘ) 'দুধসাদা' – এই সমস্তপদটির ব্যাসবাক্য হবে – **1**

(i) দুধ ও সাদা (ii) দুধের সাদা

(iii) দুধের মত সাদা (iv) দুধ অথচ সাদা

(ঙ) যে শৃঙ্খলা মানে না তাকে এককথায় বলে – **1**

(i) বেপরোয়া (ii) বেনজির

(iii) বেলাগাম (iv) উচ্ছৃঙ্খল

**5. বাচ্য নির্ণয় করো :**

(i) আকাশে ঘুড়ি উড়ছে। **1**

(ii) কী বিপদেই পড়া গেল! **1**

(iii) গীতাঞ্জলি আমার পড়া আছে। **1**

**6. এককথায় প্রকাশ করো :**

(i) যে ঘুমাচ্ছে **1**

(ii) কখনও হবে না যা **1**

**7. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো :**

(i) স্কুলপালানো **1**

(ii) দশানন **1**

(iii) নবরত্ন **1**

**8. সার্থক বাক্যে প্রয়োগ করো :**

(i) পোয়াবারো **1**

(ii) মান্ধাতার আমল **1**

**9. বাংলায় অনুবাদ করো :**

(i) Shut the front door, please. **1**

(ii) Whose book is this? **1**

(iii) She did not cheat on the exam, as it was the wrong thing to do. **1**

(iv) Stop biting your fingernails. **1**

(v) Be quiet now! **1**

## বিভাগ – 'ঘ'

## সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)

**10. নিচের বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) 'বঙ্গদর্শনে'র প্রথম প্রকাশকাল হল – **1**

(i) ১৮৭০ (ii) ১৮৭২

(iii) ১৮৭৭ (iv) ১৮৮৩

(খ) ‘উত্তর গোষ্ঠ’ কবিতায় শ্রীকৃষ্ণের কোন লীলার কথা রয়েছে? **1**

(i) বাল্যলীলা (ii) গোষ্ঠলীলা

(iii) বৃন্দাবনলীলা (iv) রাসলীলা

(গ) বলাইয়ের বাবা বলাইকে প্রথমে কোথায় নিয়ে গিয়েছিলেন? **1**

(i) কাশি (ii) হরিদ্বার

(iii) শিমলা (iv) মুম্বাই

(ঘ) ‘জগদীশচন্দ্র’ কবিতায় ‘তরু’ শব্দের অর্থ – **1**

(i) জল (ii) গাছ

(iii) ফুল (iv) পাথর

(ঙ) ‘অভাগীর স্বর্গ’ গল্পে কে অভাগীর নামকরণ করেন? **1**

(i) অভাগীর বাবা (ii) বিন্দির পিসি

(iii) অভাগীর মা (iv) ঠাকুরদাস মুখুজ্জে

**২০-২৫ টি শব্দে নিচের যে কোনও ছ’টি প্রশ্নের উত্তর দাও :**

**11.** উনিশ শতকের কলকাতার বাবুরা কীভাবে তাঁদের জন্মদিন পালন করতেন? **2**

**12.** “মোচড়িয়া গোঁফ দুটা বান্ধিলেন ঘাড়ে।” — কার কথা বলা হয়েছে? তার গোঁফ বাঁধার কারণ কী? **1+1 =2**

**13.** ‘নজর’ ও ‘খানসামা’ কী ধরণের শব্দ? এই শব্দ দুটির অর্থ কী? **1+1 =2**

**14.** “ঘন বাজে শিঙ্গা বেণু’ – কোন কবিতার অংশ? শিঙ্গা কী? (1+1 =2)

**15.** কোন পাঠে রান্নাপুজোর কথা আছে? এই পুজোর নিয়ম কী? **1+1 =2**

**16.** জীবনানন্দ দাশ কার কাছ থেকে কাব্যপ্রেরণা লাভ করেছিলেন? জীবনানন্দ রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি? **1+1 =2**

**17.** “দেখচেন ভটচাযমশায়, সব ব্যাটারাই এখন বামুন-কায়েত হতে চায়।” – কোন পাঠের অংশ? কে এই কথাগুলো বলেছেন? **1+1 =2**

**কম-বেশি ৪০-৫০ টি শব্দে নিচের যে কোনও দু’টি প্রশ্নের উত্তর দাও :**

**18.** “তারা বাগানের শৌখিন গাছ নয়, তাদের নালিশ শোনবার কেউ নেই।” –

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) কাদের সম্পর্কে এই কথা বলা হয়েছে? **1**

(iii) কোন প্রসঙ্গে এই কথা বলা হয়েছে? **2**

**19.** “এই তো জানু পেতে বসেছি পশ্চিমে
আজ বসন্তের শূন্য হাত —”

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) কে এই আক্ষেপ করেছেন? **1**

(iv) তাঁর এই আক্ষেপের কারণ কী? **1**

**20.** "ই বানে কেউ মরবে না?" –

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কে এই কথা বলেছে? (1)

(iii) কাকে উদ্দেশ করে বলেছে? (1)

(iv) এখানে 'বান' বলতে কোন বানের কথা বলা হয়েছে? (1)

**প্রায় ৬০-৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**21.** (ক) 'কালকেতুর ভোজন' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। **5**

**অথবা**

(খ) 'অদ্ভুত আঁধার এক' কবিতায় দু'টি শ্রেণির মানুষের উল্লেখ করা হয়েছে, তাদের পরিচয় দাও এবং চরিত্র বিশ্লেষণ করো। (2+3 =5)

**22.** (ক) "আজ ছক্কড় মহলে পোহাবারো!" –

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) লেখকের নাম কী? **1**

(iii) ছক্কড় কী? **1**

(iv) ছক্কড় মহলে 'পোয়াবারো' কেন? **2**

**অথবা**

(খ) অভাগীর জীবনের পরিসমাপ্তি কীভাবে ঘটেছিল, বর্ণনা করো। (5)

23. "হে তপস্বী, তুমি একমনা
নিঃশব্দেরে বাক্য দিলে," –

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) এখানে 'তপস্বী' কাকে বলা হয়েছে? **1**

(iv) 'নিঃশব্দেরে বাক্য দিলে' কথাটির অর্থ পরিস্ফুট করো। **2**

********************